# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৬৪

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ৪৫. জ্ঞাত বিষয় সম্পর্কে জিজ্ঞাসিত হয়ে যে ব্যক্তি তা গোপন করে

بَاب مَنْ سُئِلَ عَنْ عِلْمٍ فَكَتَمَهُ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الأَزْهَرِ، حَدَّثَنَا الْهَيْثَمُ بْنُ جَمِيلٍ، حَدَّثَنِي عُمَرُ بْنُ سُلَيْمٍ، حَدَّثَنَا يُوسُفُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكٍ، يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " مَنْ سُئِلَ عَنْ عِلْمٍ فَكَتَمَهُ أُلْجِمَ يَوْمَ الْقِيَامَةِ بِلِجَامٍ مِنْ نَارٍ " .

বাংলা

৪/২৬৪। আনাস ইবনু মালিক (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছিঃ কোন ব্যক্তি (তার জানা) জ্ঞানের কথা জিজ্ঞাসিত হয়ে সে তা গোপন করলে কিয়ামতের দিন তাকে আগুনের লাগাম পরানো হবে।

## English

Yusuf bin Ibrahim said:
'I heard Anas bin Malik say: "I heard the Messenger of Allah say: "Whoever is asked about knowledge and conceals it, it will be bridled on the Day of Resurrection with reins of fire.'"

ফুটনোট

তাহক্বীক্ব আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: মিশকাত ২২৩-২২৪। উক্ত হাদিসের রাবী ১. উমার বিন সুলায়ম সম্পর্কে আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ। আল উকায়লী বলেন, তিনি প্রসিদ্ধ নয়। ২. ইউসুফ বিন ইবরাহীম সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল, মুনকারুল হাদিস ও তার থেকে আশ্চর্য ধরনের হাদিস শুনা যায়। ইবনু হিব্বান বলেন, তার থেকে হাদিস বর্ণনা করা বৈধ হবে না। আল উকায়লী তাকে দুর্বল আখ্যায়িত করেছেন। আবু আহমাদ আল হাকিম বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=9974

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন